দৈনিক জনকণ্ঠ

তারিখ 09 JUN 1995
পৃষ্ঠা ৫ কলাম ৮

ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

# ফল প্রকাশে অনন্য দৃষ্টান্ত স্থাপন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার ফল প্রকাশের ক্ষেত্রে অনন্য রেকর্ড সৃষ্টি করেছে। মাত্র একদিনের ব্যবধানে ১৯৯৩-৯৪ শিক্ষা বর্ষের অর্থনীতি বিভাগের ১ম পর্ব এমএসএস ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়। গত ৫ জুন ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ফল প্রকাশিত হয় একদিন পর ৬ জুন। অর্থনীতি বিভাগে ৪৫ আসনের জন্য তিন শতাধিক পরীক্ষার্থী অংশ নেয়। পরীক্ষার পর পরই বিভাগীয় শিক্ষকরা খাতা দেখা শুরু করেন। তাদের প্রচেষ্টায় একদিনেই খাতা দেখা শেষ হয়। ইতোমধ্যে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। নির্ধারিত ছাত্রছাত্রীদের ভর্তির ফরম সংগ্রহ ও বিস্তারিত তথ্য জানার জন্য অতিসত্বর বিভাগীয় অফিসের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে।

B
129